

চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা

অনলাইন নির্বাচনী পরীক্ষা-২০২১

বাংলা দ্বিতীয় পত্র

শ্রেণি: দাখিল

সময়: ২.৩০ মিনিট

পূর্ণমান: ৭০

১। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখ:

১০

(ক) পরিবেশ দূষণ

(খ) বাংলা নববর্ষ

২। যে কোন একটি বিষয়ে পত্র লেখো:

১০

(ক) মনে করো, তুমি অনিক। সম্প্রতি পড়া একটি বই সম্পর্কে মতামত জানিয়ে তোমার বন্ধু শামীমের কাছে একটি পত্র লেখো।

(খ) মনে করো, তুমি রত্না। তোমার এলাকায় বিদ্যুৎবিভ্রাটের আশু প্রতিকার চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৩। সারাংশ লেখো:

১০

(ক) মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ প্রাণী। জগতের অন্যান্য প্রাণীর সহিত মানুষের পার্থক্যের কারণ মানুষ বিবেক ও বুদ্ধির অধিকারী। এই বিবেক, বুদ্ধি ও জ্ঞান নাই বলিয়া আর সকল প্রাণী মানুষ অপেক্ষা নিকৃষ্ট। জ্ঞান ও মনুষ্যত্বের উৎকর্ষ সাধন করিয়া মানুষ জগতের বৃহৎ অক্ষয় কীর্তি স্থাপন করিয়াছে; জগতের কল্যাণ সাধন করিতেছে। পশুবল ও অর্থবল মানুষকে বড় বা মহৎ করিতে পারে না। মানুষ বড় হয় জ্ঞান ও মনুষ্যত্বের বিকাশে। জ্ঞান ও মনুষ্যত্বের প্রকৃত বিকাশে জাতির জীবন উন্নত হয়। প্রকৃত মানুষই জাতীয় জীবনের প্রতিষ্ঠা ও উন্নয়ন আনয়নে সক্ষম।

অথবা, সারমর্ম লেখো:

(খ) সার্থক জনম আমার জন্মেছি এই দেশে,

সার্থক জনম, মা গো তোমায় ভালোবেসে।

জানি নে তোর ধনরতন আছে কিনা রানির মতন

শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।

কোন বনেতে জানি নে ফুল গন্ধে এমন করে আকুল,

কোনগগনে ওঠেরে চাঁদ এমন হাসি হেসে।

আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো,

ওই আলোতেই নয়ন রেখে মুদব নয়ন শেষে।

৪। যে কোনো একটির ভাব-সম্প্রসারণ করো:

১০

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য।

(খ) সকলের তরে সকলে আমরা।

প্রত্যেকে আমার পরের তরে।

৫। যেকোন একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:

১০

(ক) মনে করো, তুমি ফাহিম। কুমিল্লা জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে “ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবরে একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তুমি তুহিন। ‘ দৈনিক সমকাল ’ পত্রিকার রংপুর মহানগর প্রতিনিধি। ‘ মাদককে না বলুন’ শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

৬। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:

২০

(ক) স্বদেশ প্রেম

(খ) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা

(গ) মানবকল্যাণে বিজ্ঞান